১৭

দৈনিক বাংলা

তারিখ ... 25 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

# অসমাপ্ত হলে ছাত্রী ভর্তি দুর্ভোগ —

জাঃ বিঃ সংবাদদাতা : ২৪ আগস্ট।—জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন মহিলা হলের কাজ নির্দিষ্ট সময়ের চার মাস পরও শেষ না হওয়ায় ছাত্রীদের দুর্ভোগ চরমে উঠেছে।

১৯৯২–৯৩ শিক্ষাবর্ষে প্রায় ১৫০ জন ছাত্রীকে এ হলের অনুকূলে ভর্তি করা হয়। কিন্তু হলের নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় তারা এখন অন্য দুইটি হলের টিভি ও কমনরুমের মেঝেতে বিছানা পেতে রাত কাটাচ্ছে। ফলে, ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

সম্প্রতি ছাত্রীরা হলের নির্মাণ কাজ শেষ করে সিটের বন্দোবস্ত দেওয়ার দাবীতে ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও ভিসির কাছে স্মারক লিপি পেশ করেছে।

ছাত্রীরা জানিয়েছে, হলের নির্মাণ কাজ শুরুর প্রথমেই হলের প্রভোষ্ট নিয়োগ করা হলেও কর্তৃপক্ষের উদাসীনতার কারণেই হলের নির্মাণ কাজ শেষ হচ্ছে না। ১৯৯২ সালের ২১ মে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এই হলের ভিত্তি প্রস্তার স্থাপন করার ১১ মাস পর এই হলের নির্মাণ কাজ করা হলেও গত এপ্রিল এ কাজ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু আরও ৪ মাস অতিবাহিত হওয়ার পরেও নির্মাণ শেষ হয়নি।

অপরদিকে, ১৯৯৩–৯৪ শিক্ষা বর্ষের প্রায় ৩৫০ জন ছাত্রীকেও এই হলের অনুকূলে ভর্তি করা হবে। গত বছরের ভর্তিকৃত ছাত্রীদের সিটের বন্দোবস্ত না করে পুনরায় এই হলের অনুকূলে ছাত্রী ভর্তি করা হচ্ছে।